

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন-৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

নং-২৬.০৪.০০০০.১১০.২৯.০০৯.১৮. ২১৮৫

তারিখঃ ১৯ সেপ্টেম্বর ২০১৮

বিষয়ঃ ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ে সেমিনার আয়োজন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সরকার জনগণের বহুল প্রতিক্ষিত জনবান্ধব আইন “ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯” প্রণয়ন করেছে। এ আইন প্রণয়নের মাধ্যমে দেশে প্রতিদিনই বাজার তদারকি করে অপরাধ দমনের ক্ষেত্র তৈরি হয়েছে এবং ভোক্তাগণ আইন অনুযায়ী তাদের অধিকার লঙ্ঘিত হলে অভিযোগ দায়েরের সুযোগ পাচ্ছেন।


ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়নের লক্ষ্যে দেশের সকল বিভাগ ও জেলায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বিভাগীয় ও জেলা কার্যালয় স্থাপিত হয়েছে। আইনটি প্রচারের লক্ষ্যে ইতোমধ্যে আইন অনুযায়ী সকল জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি এবং প্রবিধানমালা অনুযায়ী সকল উপজেলা ও ইউনিয়ন ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি গঠিত হয়েছে।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অধিকতর প্রচারের মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সভা, সেমিনার, সিম্পোজিয়াম ইত্যাদি আয়োজন করা প্রয়োজন। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের এপিএ (Annual Performance Agreement) লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে চলতি বছর ৬৮০টি সেমিনার আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে পর্যায়ক্রমে এ সেমিনারগুলো অনুষ্ঠিত হবে।

ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বাস্তবায়ন এবং এ বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে আপনার উপজেলায় আপনার নেতৃত্বে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে একটি সেমিনার অনুষ্ঠান করার জন্য আপনাকে অনুরোধ করা ছি। আপনার উপজেলার উপজেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সদস্যগণ, সকল সরকারী অফিসের কর্মকর্তাগণ, ব্যবসায়ী সংগঠন, বেসরকারী সংস্থাসমূহের কর্মকর্তাগণের সমন্বয়ে সেমিনারটি অনুষ্ঠিত হতে পারে।

প্রস্তাবিত এ সেমিনার অনুষ্ঠানের ব্যয় নির্বাহ করার জন্য প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয় এর মাধ্যমে আপনার বরাবরে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হবে। এ বিষয়ে অত্র অধিদপ্তরের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক আপনাকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

এমতাবস্থায়, আপনার উপজেলার সংশ্লিষ্ট সকলকে সম্পৃক্ত করে একটি সুবিধাজনক ভেন্যুতে ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখের মধ্যে সেমিনারটি আয়োজন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য এবং আয়োজিত সেমিনারের বিস্তারিত প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা ছি।


মোঃ শফিকুল ইসলাম
মহাপরিচালক

ফোনঃ ৮১৮৯৪২৬

ই-মেইল : dg@dncrp.gov.bd

উপজেলা নির্বাহী কর্মকর্তা (সদর উপজেলা ব্যতীত)

----- উপজেলা

----- জেলা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, বিভাগ.....।

২। জেলা প্রশাসক,।

৩। উপজেলা চেয়ারম্যান (সকল),..... উপজেলা।

৪। উপপরিচালক, সকল বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,.....।

৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা। (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৭। সহকারী পরিচালক, জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর,.....

(সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে উক্ত সেমিনার অনুষ্ঠান নিশ্চিত করার অনুরোধসহ)

৮। অফিস কপি।